# আন্দোলনকারী শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে নির্দেশ

নিজস্ব প্রতিবেদক

১৬ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৬ অক্টোবর ২০১৯ ০১:১১

বেতনবৈষম্য নিরসনের দাবিতে কর্মবিরতি পালনকারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। গত রবিবার অধিদপ্তরের বিভাগীয় উপপরিচালকদের এ নির্দেশ দেওয়া হয়।

আদেশে বলা হয়, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক ঐক্য পরিষদ নামক একটি সংগঠনের ব্যানারে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতনবৈষম্য নিরসনের দাবিতে বিভিন্ন কর্মসূচি ঘোষণা করা হয়েছে।

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন বৃদ্ধির বিষয়টি সরকারের বিবেচনাধীন রয়েছে। এ পর্যায়ে দাবি আদায়ের কোনো কর্মসূচি পালিত হলে তা সরকারের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নেতিবাচক প্রভাব ফেলবে। অধিকন্তু সরকারি কর্মচারীরা এ ধরনের কর্মসূচি ঘোষণা বা অংশগ্রহণ করা সরকারি শৃঙ্খলা বা আপিল বিধিমালা, ২০১৮-এর সম্পূর্ণ পরিপন্থী।

চিঠিতে অধিদপ্তরের বিভাগীয় উপপরিচালকদের নির্দেশ দিয়ে বলা হয়, এ ধরনের কর্মসূচির সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষকদের চিহ্নিত করে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এদিকে সারাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা তাদের কর্মসূচি চালিয়ে যাচ্ছেন। ঐক্য পরিষদের প্রধান মুখপাত্র বদরুল আলম বলেন, এটি পেশাগত মর্যাদার প্রশ্ন। সারাদেশের ৬৫ হাজার প্রাথমিক বিদ্যালয়ের সাড়ে তিন লাখ শিক্ষক এই কর্মসূচি পালন করেছেন। তবে কি সবার বিরুদ্ধেই ব্যবস্থা নেওয়া হবে? এটি সরকারবিরোধী কোনো আন্দোলন নয়।

advertisement